জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর

গাজীপুর

স্মারক নং- জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/এলএলবি ১ম পর্ব/২০১৬/ ৬০৪২ তারিখ ঃ ১১/১২/১৬

২০১৬ সালের এলএলবি ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত এলএলবি পাঠদানকারী কলেজ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **২০১৬ সালের** এলএলবি ১ম বর্ষ **পরীক্ষা আগামী জানুয়ারী' ২০১৭ মাসে অনুষ্ঠিত হবে।** পরীক্ষার বিস্তারিত সময়সূচী পরবর্তীতে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদানের তারিখ, নিয়ম ও শর্তাবলী নিম্নরূপ ঃ

পরীক্ষার ফি		আবেদন ও বিবরণী ফরম পূরণের সময়		সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দেয়ার তারিখ	বিবরণী ফরম এবং সোনালী সেবার টাকা জমার রশিদ বিশ্ববিদ্যালয়ে জমাদানের শেষ তারিখ
বিবরণ	পরিমান (টাকা)	শুরু	শেষ		
১। পরীক্ষার্থী প্রতি নিয়মিত/অনিয়মিত (যারা গত দুই বছর পরীক্ষায় অংশগ্রহণ করে নাই)	প্রতিপত্র ৩০০/-হিসাবে ৩০০×৭=২১০০/-	১৫/১২/১৬	০৮/০১/১৭	১০/০১/২০১৭ ও ১১/০১/২০১৭	১২/০১/২০১৭
২। মানউন্নয়ন যারা গত বছর সকল পত্রে অংশগ্রহণ করেছে অথবা কোন এক পত্রে অনুপস্থিত রয়েছে।	প্রতিপত্র ৩০০/- হিসাবে + বিশেষ অন্তভূক্তি ফি ৫০০/-				
৩। কেন্দ্র ফি পরীক্ষার্থী প্রতি (বিশ্ববিদ্যালয়ে জমা হবে না)	৫০০/-				
৪। নম্বরপত্র ফি *(যারা গত দুই বছর পরীক্ষায় (একই রেজিস্ট্রেশনে) অংশগ্রহণ করেছে তাদের নম্বরপত্র ফি জমা দিতে হবে না।)*	৩০০/-				

বিঃদ্রঃ > এলএলবি ১ম বর্ষ পরীক্ষায় কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

১। <u>আবেদন ফরম সংগ্রহ (শিক্ষার্থী/কলেজের জন্য):</u>

এলএলবি ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nu.edu.bd** থেকে ডাউন লোড করতে হবে। পরীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ প্রিন্টকৃত কপি ফটোকপি করে নিতে পারবেন।

২। <u>পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যসূচী ঃ</u>

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত এল এল বি ১ম বর্ষ পরীক্ষার পাঠ্যসূচী ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী ২০১৬ সালের এল এল বি ১ম বর্ষ পরীক্ষা অনুষ্ঠিত হবে। ২০১৩-১৪,২০১৪-১৫ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের নতুন সিলেবাসে **পরীক্ষা অনুষ্ঠিত হবে।**

খ) ২০১৫ সালের এলএলবি ১ম বর্ষ পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী সকল পত্রে অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে, তারা এক বা একাধিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে **(রেজিঃ কার্ডের মেয়াদ থাকা সাপেক্ষে)**। এক্ষেত্রে যে সকল পত্রে ৪৫% এর কম নম্বর পেয়েছে শুধুমাত্র সেই সকল পত্রে পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে। এই জাতীয় পরীক্ষার্থীদের ক্ষেত্রে পূর্ববর্তী বছরের প্রাপ্ত নম্বরের সাথে ২০১৬ সালের অংশগ্রহণকৃত বিষয়ের/বিষয় সমূহের নম্বর সমন্বয় করে ফলাফল প্রকাশ করা হবে।

গ) যে সকল পরীক্ষার্থী ২০১৫ সালের এল এল বি ১ম বর্ষ পরীক্ষায় মান-উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে এক বা একাধিক বিষয়ে অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ২০১৬ সালের এল এল বি ১ম বর্ষ পরীক্ষায় এক বা একাধিক বিষয়ে অংশগ্রহণ করতে পারবে না। তবে যাদের রেজিঃ কার্ডের মেয়াদ আছে তারা সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) যে সকল পরীক্ষার্থী ২০১৫ সালের এলএলবি ১ম বর্ষ পরীক্ষায় সকলপত্রে অংশগ্রহণ করে ৪৫% এর কম নম্বর পেয়ে ৩য় শ্রেণীতে পাস করেছে, অথবা কোন এক পত্রে অনুপস্থিত থেকে অকৃকার্য হয়েছে তারা রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে ৪৫% নম্বর কম পাওয়াপত্রে মান-উন্নয়ন অথবা অনুপস্থিত পত্রে পরীক্ষা দিতে পারবে।

৩। <u>আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) :</u>

ক) পরীক্ষার্থীরা আবেদন ফরম (পরীক্ষার্থীর অংশ) স্বহস্তে পূরণ করে নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট কলেজে জমা দিবে। আবেদন পত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িতফটোকপি এবং ইতিপূর্বে অংশগ্রহনকারী পরীক্ষার্থীদের প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি ও ***<u>সরকারী চাকুরীজিবীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/বিভাগের পরীক্ষায় অংশগ্রহণের অনুমতিপত্র</u>*** সংযুক্ত করতে হবে।

খ) আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সঠিকভাবে পরীক্ষা কোড লিখতে হবে।

গ) আবেদন ফরম পূরণে ভুলের কারণে পরীক্ষার্থীর প্রবেশপত্র ভুল হলে নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে পরীক্ষার পূর্বেই প্রবেশপত্র সংশোধন করে নিতে হবে। এক্ষেত্রে মূল প্রবেশপত্রের সাথে বিবরণীর ফটোকপি জমা দিতে হবে।

ঘ) প্রত্যেক পরীক্ষার্থীকে সম্প্রতি তোলা ০১ (এক) কপি পাসপোর্ট আকারের ছবি (কলেজর অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

চ) অসম্পূর্ণ আবেদন ফরম কোন প্রকার যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

E:\Professional\LLB-Part-I\LLB Part-I notice.doc

৪। আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (কলেজের জন্য) :

ক) যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের ডাটা সরবরাহকৃত সফটওয়ারে রক্ষিত আছে।

খ) আবেদন ফরম সঠিকভাবে পূরণ করেছে কি-না তা যাচাই করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

গ) আবেদন পত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে প্রবেশপত্রের ফটোকপিসহ প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত তারিখের মধ্যে স্ব-স্ব কলেজ সংরক্ষণ করবে। এটি বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে না।

ঘ) যদি কোন পরীক্ষার্থীর আবেদনফরম বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন হয় (আবেদন ফরম পূরণের পর থেকে পরীক্ষার ফল প্রকাশের পর এক বছর পর্যন্ত) তবে তা সরবরাহ করতে হবে।

৫। বিবরণী ফরম/পরীক্ষার্থীর ডাটা এন্ট্রির নিয়মাবলী (কলেজের জন্য)ঃ

ক) নিয়মিত/অনিয়মিত/ মান উন্নয়ন পরীক্ষার্থীদের বিবরণী ফরম আলাদা ভাবে তৈরি করার প্রয়োজন নেই।

খ) এন্ট্রির জন্য Data Entry user manual বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট এ দেওয়া আছে। Data Entry করার সময় এর নিয়মাবলী অনুসরন করা যেতে পারে।

গ) কলেজগুলোকে **Software** এর **Password** টি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখা হতে সংগ্রহ করতে হবে।

ঘ) আবেদন ফরমের পরীক্ষার্থীর অংশ থেকে পরীক্ষার্থীর বর্তমান কলেজ কোড, রেজিষ্ট্রেশন নম্বর ও বিষয় কোড নির্ধারিত ওয়েব সাইট এর মাধ্যমে এন্ট্রি করতে হবে।

ঙ) মান উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে যে পত্র/পত্রসমূহ মানোন্নয়ন পরীক্ষা দিতে ইচ্ছুক সে গুলির বিষয় কোড এন্ট্রি করতে হবে।

চ) বিষয়ওয়ারী বিবরণী ফরম এন্ট্রি করার পর এ প্রিন্ট কপির নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর স্বাক্ষর নিতে হবে।

ছ) আবেদন ফরম পূরণের নিয়মাবলী ও তথ্যাদি ওয়েব সাইটে **www.nu.edu.bd** দেয়া আছে।

জ) Data Entry অনলাইন Software ওয়েব সাইটে **www.nu.edu.bd** এ আগামী ১৫/১২/২০১৬ তারিখ হতে পাওয়া যাবে।

৬। **বিবরণী ফরম ও ফি জমা দেওয়ার নিয়মাবলীঃ**

ক) বিবরণী ফরম অনলাইন থেকে প্রিন্ট করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপিটি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে এবং এর ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।

খ) পরীক্ষার্থীদের ফি পূর্বেরমত জাতীয় বিশ্ববিদ্যালযের অনুকূলে **ডিডি করার পরিবর্তে "সোনালী সেবা"** এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে জমা দিতে হবে। নির্ধারিত জমা ফরম যা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd থেকে Pay Slip ডাউনলোড করে "সোনালী সেবা" এর মাধ্যমে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে।

Pay Slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংশ লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকে যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

Pay Slip সংগ্রহরে জন্য ১০/০১/২০১৭ ও ১১/০১/২০১৭ তারিখ মঙ্গলও বুধ বার সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৪.০০ টা পর্যন্ত Link Active থাকবে। নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে Pay Slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংক-এ প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

সোনালী সেবা সংক্রান্ত প্রয়োজনে ০১৮৬৭০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

৭। **পরীক্ষা পরিচালনাঃ**

সংশ্লিষ্ট কলেজ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ২৫% দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করবে। অবশিষ্ট ৭৫% অর্থ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষা শুরুর পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র আনুষঙ্গিক দ্রব্যাদি ও প্রশ্নপত্র গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) ব্যয় নির্বাহ করতে হবে।

বিঃদ্রঃ- ⟹ ননকলিজিয়েট (৭৫% এর কম ক্লাশে উপস্থিত) শিক্ষার্থীদের ফরম পূরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজকেই তার দায়-দায়ীত্ব বহন করতে হবে।

⟹ পরীক্ষার সময়সূচী, প্রবেশপত্র বিতরণের তারিখ ও অন্যান্য যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে জানা যাবে। সোনালী সেবার রশিদ ও ফরম পূরণের বিবিরণী **জমা দেয়ার সময় অবশ্যই সর্বশেষ হালনাগাদ কলেজ অধিভুক্তির নবায়নের কপি জমা দিতে হবে।**

⟹ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে প্রয়োজনে ০২-৯২৯১০৪২ অথবা ০১৭১১২৩৪৩৫০ এই নম্বরে যোগাযোগ করা যাবে।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
তারিখ ঃ ২১/১২/১৬

স্মারক নং- জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/এলএলবি ১ম পর্ব/২০১৬/ ৬০৪২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। প্রো-ভাইস-চ্যান্সেলর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২। ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৩। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়।
৫। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।
৬। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৭। উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৮। উপ-রেজিস্ট্রার (একাডেমিক শাখা), জাতীয় বিশ্ববিদ্যালয়।
৯। অধ্যক্ষ, অধিভূক্ত সকল আইন কলেজ।
১০। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয়।
১১। অফিস নথি।

২১/১২/১৬

(মোঃ আব্দুর রকিব)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (প্রফেশনাল)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর